



ISO 9001:2015 Certified

টেলিফোন ০৩৩১- ৬২২০০, ৭৪৭০৭

ওয়েব www.fenipbs.org

ই-মেইল fenipbs84@gmail.com

শেখ হামিনায়
উদ্যোগ
যদি তবে বিদ্যুৎ
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী



স্মারক নং-২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২১. ২০২

তারিখঃ- ২৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
১০ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ।

“ আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ”

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সুপারভাইজার এর শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিলিং সহকারী পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম : বিলিং সুপারভাইজার

প্রার্থীর যোগ্যতাঃ



01. A minimum of 7 (seven) years working experience (on regular basis) as Billing Assistant in a PBS;
02. Must be able to operate and maintain Billing Computer, Server and other office equipment;
03. Ability to type at least 10 W.P.M in Bengali and 30 W.P.M in English.
04. সংশ্লিষ্ট পদের সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
05. পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।

শর্তাবলী :-

আবেদনকারীগণকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক সিঃ জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশপূর্বক আবেদনপত্র সহ আগামী ২৪/০১/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় বিলিং সুপারভাইজার পদের জন্য ফেনী পবিসে এর সদর দপ্তর, মহিপাল, ফেনীতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র/দলিলাদি এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে :-

- (ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
- (খ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
- (গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- (ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
- (ঙ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান পত্র, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি।
- (চ) সিঃ জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং প্রার্থীর বিগত ০৩ বছরের মধ্যে কোন গুরুদণ্ড প্রাপ্ত হন নি এবং বিগত ০১ বছরের মধ্যে কোন লঘু দণ্ড প্রাপ্ত হন নি, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদণ্ড প্রাপ্ত হন নি, বিগত ০৪ (চার) বছরের ভিতর এক বার গুরুদণ্ড এবং একবার লঘুদণ্ড প্রাপ্ত হন নি, বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদণ্ড প্রাপ্ত হননি এই মর্মে প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত, বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

- (ছ) পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (ফেনী সদর, ফুলগাজী, ছাগলনাইয়া, সোনাগাজী, দাগনভূঞা ও পরশুরাম) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
- (জ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “চলতি দায়িত্বে” নিয়োগ দেওয়া হবে। “চলতি দায়িত্বে” থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বে মেয়াদ বৃদ্ধি / পূর্ববর্তী পদে ফেরত যেতে হবে।
- (ঝ) চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
- (ঞ) কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাত্ক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।
- (ট) অত্র সমিতির সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দ ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের স্বামী / স্ত্রী অথবা তাদের রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।
- (ঠ) প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (ড) যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- (ঢ) শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


(মোঃ আখতার হোসেন)
জেনারেল ম্যানেজার


অনুলিপিঃ-

- ০১। পরিচালক, পবিস উন্নয়ন ও পরিচালন (দঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/ ৪।
- ০৩। ডিজিএম-সোনাগাজী/ দাগনভূঞা /পরশুরাম/ফুলগাজী/ ছাগলনাইয়া জোনাল অফিস/ সদর দপ্তর-কারিগরী, ফেনী পবিস, ফেনী।
- ০৪। এজিএম- প্রশাসন/ (অর্থ-হিসাব/রাজস্ব)/এমএস/ওএন্ডএম-রাজাপুর/কসকা সাব-জোনাল অফিস, ফেনী পবিস।
- ০৫। নোটিশ বোর্ড, ফেনী পবিস।
- ০৬। অফিস নথি/মাষ্টার নথি